

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date: 15-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM GB Hospital :

মুখ্যমন্ত্রী প্রফেসর ডক্টর মানিক সাহা বলেছেন বিকশিত ভারতের অঙ্গ হিসাবে ২০৪৭ সালের মধ্যে রাজ্যের স্বাস্থ্য, কৃষি, শিক্ষা, ক্রীড়া সহ বিভিন্ন ক্ষেত্রে পরিকাঠামোর মানদণ্ড উন্নয়নের নীতি নির্দেশিকা মেনে কাজ করছে রাজ্য সরকার। গতকাল আগরতলার গোবিন্দ বল্লভ পন্থ হাসপাতালের ৬৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কার্ল ল্যান্ডস্টেইনার অডিটরিয়াম আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি গতকাল নবনির্মিত সুপার স্পেশালিটি ব্লক, জেরিয়াট্রিক ওয়ার্ড, মহিলা মেডিসিনের দুই নম্বর ওয়ার্ড, নতুন ভাবে সংস্কার করা পেডিয়াট্রিক ওয়ার্ড এবং সম্প্রসারিত ডায়ালিসিস ইউনিটের উদ্বোধন করেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য বাজেটে সংক্রামক রোগ প্রতিরোধে ৫৩ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। রাজ্য আরো ১০০টি উপস্বাস্থ্য কেন্দ্র এবং আটটি জেলায় নেশা মুক্তি কেন্দ্র গড়ে তোলা হবে বলেও তিনি জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়িকা তথা জিবি হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারপার্সন মিনা রানী সরকার, মুখ্যসচিব জে কে সিনহা প্রমুখ। উল্লেখ্য, ওএনজিসির ৩৪ কোটি ৪৬ লক্ষ টাকার আর্থিক অনুদানে সংক্রামক রোগের চিকিৎসার জন্য জিবি হাসপাতালে একটি ত্রিতল ভবন চালু করা হচ্ছে। গতকালের অনুষ্ঠানে এবিষয়ে ওএনজিসির সঙ্গে জিবি হাসপাতালের মধ্যে স্বাক্ষরিত সমর্ঝোতা পত্র বিনিময় করা হয়।

Carnival C.M

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, দুর্গাপূজা শুধু উৎসব নয়, এর সঙ্গে আর্থসামাজিক পরিস্থিতি জড়িয়ে রয়েছে। গতকাল আগরতলার মহারানী তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে আয়োজিত মাঘের গমন কার্নিভালের উদ্বোধন করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার রাজন্য আমলে তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনের রাস্তা দিয়ে দুর্গাপূজার ভাসানের মিছিলের প্রাচীন ঐতিহ্যকে স্মরণে রেখেই এবার কার্নিভ্যালের স্থান পরিবর্তন করা হয়েছে। পাশাপাশি, আগরতলার দশমীঘাটকে ভাসানের জন্য নতুন ভাবে সাজিয়ে তোলা হয়েছে। মুখ্যমন্ত্রী সবাইকে শারদ শুভেচ্ছাও জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার প্রমুখ। তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব জানান, ৪৫টি ক্লাব ও পূজা উদ্যোগ্য কার্নিভালে যোগ দেওয়ার জন্য নাম নথীভুক্ত করেছে। গতকাল এই 'মাঘের গমন' মিছিল দেখতে, রাস্তার পাশে প্রচুর লোক সমাগম হয়।

Carnival, Bishalgarh:

এদিকে সিপাহিজলা জেলার বিশালগড়েও গতকাল সন্ধ্যায় 'মাঘের বিদায়' কার্নিভ্যাল অনুষ্ঠিত হয়। বিশালগড় পুর পরিষদ ও বিশালগড় পঞ্চায়েত সমিতির সহায়তায় স্থানীয় ব্রিজ চৌমুহনীতে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক সুশান্ত দেব। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব, প্রমুখ।

Idols Nironjon:

অন্যদিকে, গোমতি জেলার তিনটি মহকুমার বিভিন্ন দশমী ঘাটে গতকাল দুর্গা প্রতিমা নিরঞ্জন করা হয়। উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান জানিয়েছেন, উদয়পুর পুর পরিষদ ও বিপর্যয় মোকাবিলা বাহিনীর স্বেচ্ছা সেবকরা এই কাজে সহযোগিতা করেছেন।

Optical Fibre:

ডিজিটাল ইন্ডিয়া মিশন-এর আওতায় দেশের ৯৫ শতাংশ গ্রামাঞ্চলে 4G পরিষেবা পৌছে গেছে। এর মধ্যে দুই লক্ষ গ্রামে ইতিমধ্যে Optical Fibre লাগানো হয়েছে এবং বাকি গ্রামগুলোকেও ২০২৭ সালের মধ্যে Optical Fibre সংযুক্ত করা হবে। কেন্দ্রীয় তথ্য - রাজ্যমন্ত্রী ড: পি চন্দ্রশেখর, গতকাল নয়াদিল্লিতে International Telecommunication Union Global Standards Symposium (ITU-GSS) - এর সমাপ্তি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে একথা বলেন। ড: চন্দ্রশেখর আরো বলেন ভারত সরকার দেশের জনগনের কাছে আধুনিক প্রযুক্তির সুফল পৌছে দিতে Digital ইন্ডিয়ার মতো বিভিন্ন উদ্যোগ নিয়েছে।

Ganja rail station :

আগরতলা রেল ষ্টেশনে গাঁজা সহ তিনজন পাচারকারীকে এতক করা হয়েছে। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানান, গতকাল সন্ধ্যায় একটি ট্রলি ব্যাগে তল্লাশি করে ১০ কেজি ৫৩ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত গাঁজা রাজ্যের বাইরে পাচার করতে আনা হয়েছিল বলে ওসি জানিয়েছেন।

Congress Press Meet:

গোটা দেশের সঙ্গে ত্রিপুরা রাজ্যের মহিলাদের রাজনৈতিক এবং আর্থসামাজিক ভাবে সচেতন করে তোলার লক্ষ্যে ইন্দিরা ফেলোশিপের অধীন শক্তি অভিযান তথা “আধি আবাদি পুরা হক” কর্মসূচী হাতে নিয়েছে প্রদেশ কংগ্রেস। গতকাল কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই শক্তি অভিযান সম্পর্কে বিস্তারিত জানান কংগ্রেসের সর্বভারতীয় নেত্রী তথা শক্তি অভিযানের জাতীয় কোঅর্ডিনেটর এডভোকেট মমতাজ বেগম। তিনি বলেন রাজনীতিতে মহিলাদের অংশগ্রহণের মাধ্যমে এবং প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে সংসদ থেকে শুরু করে স্বায়ত্ত্বাস্তিত বিভিন্ন গণতান্ত্রিক প্রতিষ্ঠান গুলিতে যাতে মহিলাদের ৫০ শতাংশ সংরক্ষণ করে তাদের হাতে ক্ষমতা অর্পণ করা যায় সেই লক্ষ্যে এই কর্মসূচী হাতে নেওয়া হয়েছে। তিনি বলেন কংগ্রেসের জাতীয় নেতৃত্ব দেশের মহিলাদের সব ক্ষেত্রে এগিয়ে নিয়ে যাবার প্রচেষ্টা নিয়েছেন। সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, কংগ্রেস নেতা পীয়ুষ কাণ্ঠি বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

WAQF Board:

রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি জানিয়েছেন, রাজ্য ওয়াকফ সম্পত্তি রক্ষণাবেক্ষণে ও এর উন্নতি বিধানে রাজ্য ওয়াকফ বোর্ড কাজ করে চলেছে। গতকাল কৈলাশহরে তিনি জানান, চলতি অর্থবছরে ওয়াকফ বোর্ড রাজ্য ৬৬ লক্ষ টাকা ব্যয় করবে। তিনি আরো জানান, রাজ্য দ্বিতীয় থেকে পঞ্চম শ্রেণীতে পাঠরত সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী যারা ষাট শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে তাদের স্টাইপেন্ড দেওয়া হবে। এজন্য আগামী ত্রিশে নভেম্বর পর্যন্ত দরখাস্ত জমা দেওয়া

যাবে। উল্লেখ্য, রাজ্যে বর্তমানে ১৮৮৯টি ওয়াকফ সম্পত্তি
রয়েছে।

Ranji Trophy:

ত্রিপুরা ও উড়িশার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচটি আজ
বাতিল হয়েছে। এম বি বি স্টেডিয়ামের মাঠ খেলার উপযুক্ত না
থাকায় শেষ দিনেও খেলা হয় নি। ফলে রঞ্জির প্রথম ম্যাচটি
বাতিল হয়। এম্যাচ থেকে উভয় দল এক পয়েন্ট করে পায়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা
সর্বোচ্চ ৩৩ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে
সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২৫.২ ডিগ্রী সেলসিয়াস।
